

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
ইনোভেশন টিম



ইনোভেশন টিমের ১৩/০৬/২০২৩ তারিখের সভার কার্যবিবরণী

সভাপতি	মো: শাহরিয়ার কাদের ছিদ্দিকী অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	১৩ জুন, ২০২৩
সভার সময়	বেলা ১২:০০ ঘটিকা
স্থান	বিশ্বব্যাংক অনুবিভাগের সম্মেলন কক্ষ (ব্লক নং-১৬, কক্ষ নং-৬)
উপস্থিতি	“সংযোজনী-ক”

সভার শুরুতে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের ইনোভেশন টিমের চীফ ইনোভেশন অফিসার ও অতিরিক্ত সচিব জনাব মোঃ শাহরিয়ার কাদের ছিদ্দিকী টিমের সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য সচিব মিজ রোকেয়া খাতুন, যুগ্মসচিব, বিশ্বব্যাংক-৩ অধিশাখা সভাকে অবহিত করেন যে, এ বিভাগের ইনোভেশন টিমের চলতি অর্থবছরের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জিত হয়েছে। তিনি আরো জানান মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক ইতোমধ্যে ২০২৩-২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা গৃহীত হয়েছে। তিনি কর্মপরিকল্পনা বিস্তারিতভাবে তুলে ধরেন। এ বিভাগের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২২-২৩ মন্ত্রিপরিষদ বিভাগের গাইডলাইন অনুযায়ী শতভাগ বাস্তবায়নের করার জন্য ইনোভেশন টিমের সকল সদস্যকে অভিনন্দন ও ধন্যবাদ জ্ঞাপন করে পরবর্তী বছরের কর্মপরিকল্পনা বাস্তবায়নের ক্ষেত্রে টিমের সকল সদস্যকে আরো সক্রিয় ভূমিকা রাখার আহ্বান জানান। তিনি বলেন যে, সারা পৃথিবীতে Tech site -এ কী ধরনের ইনোভেশন হয়েছে তা খুঁজে বের করতে হবে ও সকলকে পৃথিবীর বিভিন্ন দেশের নয়া উদ্ভাবন সম্পর্কে নিজেদেরকে সর্বদা আপডেট থাকতে হবে। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র. নং	আলোচসূচী	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রেরণ	কর্মপরিকল্পনা অনুযায়ী প্রমাণক সংগ্রহ করে ২০২২-২৩ অর্থবছরে বাস্তবায়িত কাজের স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ১০ জুলাই, ২০২৩ এর মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	সদস্য-সচিব, ইনোভেশন টিম ও সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল
০২	ই-নথির ব্যবহার বৃদ্ধি	২০২২-২৩ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্য শতভাগ দাপ্তরিক কাজ ই-নথির মাধ্যমে সম্পাদন করতে হবে। উক্ত বিষয়ে সকল কর্মকর্তাকে এ বিভাগের দাপ্তরিক ইমেইল ও WhatsApp গ্রুপে তাগিদ দিতে হবে।	সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল

০৩	ইনোভেশন খাতের ব্যয়	২০২২-২৩ অর্থ বছরে ইনোভেশন খাতের বরাদ্দ এবং ব্যয়ের সার্বিক সমন্বয় চলতি অর্থবছরের ধার্য তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।	সদস্য-সচিব, ইনোভেশন টিম এবং বাজেট অফিসার, ইআরডিসদস্য- সচিব ইনোভেশন টিম
০৪	২০২৩-২৪ এর কর্মপরিকল্পনা	মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গৃহীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ১.৪.১ অনুচ্ছেদের নির্দেশনা মোতাবেক হার্ডফাইল ও ই-ফাইলে নিষ্পত্তিকৃত বিষয়ের প্রমাণক হিসেবে মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ করতে হবে বিধায় জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগে ইউও নোট প্রেরণ করতে হবে।	সদস্য-সচিব, ইনোভেশন টিম ও সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল
০৫	ইনোভেশন টিম হালনাগাদকরণ	কর্মকর্তাদের বদলীজনিত কারণে ইনোভেশন টিমকে পুনর্গঠন করে অফিস আদেশ জারি করার জন্য প্রশাসন ও মধ্যপ্রাচ্য অনুবিভাগে পত্র দিতে হবে।	ইনোভেশন টিম

সভায় আর কোন আলোচনা না থাকায় সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভা সমাপ্ত করেন।



মো: শাহরিয়ার কাদের ছিদ্দিকী
অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ০৯.০০.০০০০.২৫৪.০৫.০০১.২২.২৮

তারিখ: ৫ আষাঢ় ১৪৩০

১৯ জুন ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্মসচিব, এশিয়া-১ অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ২) যুগ্মসচিব, বিশ্বব্যাংক অধিশাখা-৩, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৩) যুগ্মসচিব, জাপান অধিশাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৪) উপসচিব, ডিই-১ শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৫) উপসচিব, জাপান শাখা-৩, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৬) উপসচিব, সমন্বয়-৫ শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৭) উপসচিব, ইউরোপ-৫ শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ৮) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৯) একান্ত সচিব, সচিবের দপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ১০) সিনিয়র প্রোগ্রামার, আইসিটি সেল, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ১১) সিনিয়র সহকারী সচিব, জাপান-১ শাখা, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ১২) ব্যক্তিগত কর্মকর্তা, উইং ২: বিশ্বব্যাংক, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
- ১৩) ব্যক্তিগত কর্মকর্তা, বিশ্বব্যাংক অধিশাখা-৩, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ



রোকেয়া খাতুন
যুগ্মসচিব